আজকের কাগজ

তারিখ 09 NOV 1991
পৃষ্ঠা ... কলাম ...

94

# আজ ঢাকা বিশ্ববিদ্যালয় খুলছে তবে ক্লাস হবে না

**কাগজ প্রতিবেদক** : গত ২৭ অক্টোবরের সন্ত্রাসিত ঘটনায় পরপর দু'বার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমস্ত ক্লাস এবং পরীক্ষা স্থগিত ঘোষণার পর আজ শনিবার থেকে পুনরায় ক্লাস শুরু হওয়ার কথা ছিলো। কিন্তু ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ধর্মঘটের কারণে বিশ্ববিদ্যালয় খোলা থাকলেও ক্লাস হবে না। তবে পরীক্ষা অনুষ্ঠান এই ধর্মঘটের আওতার বাইরে থাকবে। আগামী ১২ নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ে পুনরায় পরীক্ষা শুরু হওয়ার কথা।

গতকাল শিক্ষকদের ধর্মঘটের বিষয়ে শিক্ষক সমিতির সভাপতি ডঃ আনোয়ার উল্লাহ চৌধুরীর সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, শিক্ষক-ছাত্রছাত্রীর নিরাপত্তার দাবিতেই আমরা ধর্মঘট করে আসছি। তবে পরীক্ষাসমূহ ধর্মঘটের আওতার বাইরে থাকবে বলে তিনি জানান।

গত ৭ নভেম্বর উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞার সঙ্গে ছাত্রলীগ (আ-অ) এবং ছাত্রদলের নেতাদের এক বৈঠকে নেতারা সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের স্বার্থে সামগ্রিক পরিবেশ যাতে অনুকূল থাকে এ বিষয়ে সতর্ক ও সচেষ্ট থাকার জন্যে স্ব স্ব দলের কর্মীদের পরামর্শ দেবেন বলে উপাচার্যকে আশ্বস্ত করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা বলা হয়েছে।

উপাচার্য মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত এ বৈঠকে প্রক্টর শাহজাহান মিনা, এ,এফ রহমান হলের প্রভোস্ট ডঃ হারুনর রশিদ ও সহকারী প্রক্টর ডঃ আহমেদ জামাল উপস্থিত ছিলেন। ছাত্র নেতাদের মধ্যে ছাত্রলীগের (আ-অ) অসীম কুমার উকিল, জাহাঙ্গীর সাত্তার টিংকু, গোলাম মোস্তফা সুজন, কামরুজ্জামান আনসারী, ছাত্রদলের পক্ষে খায়রুল কবীর খোকন, নাজিম উদ্দিন আলম, আলী আক্কাস নাদিম ও শাহানশাহ খন্দকার সোহেল বৈঠকে উপস্থিত ছিলেন।

বৈঠকে বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক পরিস্থিতি বিশেষ করে আসন্ন পরীক্ষাসমূহ সুষ্ঠুভাবে অনুষ্ঠানের বিষয়ে আলোচনা হয়েছে।

বৈঠকে ছাত্র নেতারা এ ঐকমত্যে পৌছান যে, এ সপ্তাহ থেকে ঘোষিত পরীক্ষাসমূহ সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হওয়া একান্ত বাঞ্ছনীয়। একই সঙ্গে ক্যাম্পাসে নিরাপত্তা বিধানের জন্যে পুলিশী ব্যবস্থা জোরদার করার বিষয়েও তারা উপাচার্যকে অনুরোধ করেছেন।